**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 12–06–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) কৃষিমন্ত্রী রতন লাল নাথ বলেছেন, ত্রিপুরা ধান উৎপাদনে সারা দেশে পঞ্চম স্থানে রয়েছে।**

**(২) গোমতী জেলায় স্বাস্থ্য বিষয়ক পরিকাঠামো উন্নয়নের জন্য চলতি অর্থবছরে প্রায় 30 কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।**

**(৩) অষ্টাদশ লোকসভার প্রথম অধিবেশন বসবে এ মাসের ২৪ তারিখে।**

**(৪) আগামী ২৯ জুন থেকে অমরনাথ যাত্রা শুরু হচ্ছে ।**

**************************************

**Agri Minister Paddy:**

কৃষিমন্ত্রী রতন লাল নাথ বলেছেন, ত্রিপুরা ধান উৎপাদনে সারা দেশে পঞ্চম স্থানে রয়েছে। রাজ্যে প্রতি হেক্টর পিছু ধান উৎপাদন হয় ৩৪৫৯ মেট্রিকটন। ২০২৩-২৪ অর্থ বছরে ত্রিপুরায় ধান উৎপাদন হয়েছে ৮ লাখ ৫০ হাজার মেট্রিকটন। এ বছর তার লক্ষ্য মাত্রা ৯ লাখ ৫৪ হাজার মেট্রিক টন। কৃষিমন্ত্রী আজ আগরতলার অরুন্ধতীনগরস্থিত কৃষি গবেষনা কেন্দ্রে আয়োজিত এক পর্যালোচনা সভায় একথা বলেন। তিনি বলেন, ধান, শাক সবজি উৎপাদনে রাজ্যের সিপাহীজলা, গোমতী ও দক্ষিণ জেলা স্বয়ংবর। খোয়াই, ধলাই উনকোটি জেলা সয়ম্ভরতা অর্জনের কাছাকাছি রয়েছে। ত্রিপুরাই একমাত্র রাজ্য যেখানে ইউরিয়া, এম এস পি প্রভৃতি কৃষি সারে ভর্তুকিতে দেওয়া হয়। উদ্যান জাত ফসল উৎপাদনেও রাজ্যের যথেষ্ট অগ্রগতি রয়েছে। কৃষিমন্ত্রী আরও জানান, রাজ্যে জৈব

পদ্ধতিতেতে চাষ করা ৫ মেট্রিকটন আনারস আগামীকাল ওমানে রপ্তানী করা হবে। এখন পর্যন্ত বত্রিশ দশমিক পাঁচ মেট্রিক টন আনারস বিদেশে পাঠানো হয়েছে বলে কৃষিমন্ত্রী জানান।

***************

**Review meeting:**

গোমতী জেলায় স্বাস্থ্য বিষয়ক পরিকাঠামো উন্নয়নের জন্য চলতি অর্থবছরে প্রায় 30 কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। পরিকাঠামো উন্নয়নের সিদ্ধান্তগুলি যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে আজ গোমতী জেলাশাসক তড়িৎ কান্তি চাকমার পৌরোহিত্যে এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয় l এই বৈঠকে উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের সহকারী সভাধিপতি দেবল দেবরায়, উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার, জেলার আটটি ব্লকের জন প্রতিনিধিগণ l

***************

**Jamai Shasthi:**

রাজ্যে আজ অরণ্য ষষ্ঠী বা জামাইষষ্ঠী পালিত হচ্ছে। মায়েরা আজ সন্তানের মঙ্গল কামনায় ষষ্ঠী মাতার ব্রত পালন করেন। জামাইদের আপ্যায়নের জন্য আজ বিশেষ ভোজের আয়োজন করাও এক রীতি।

এই উপলক্ষে আজ সকালে রাজধানী আগরতলার বাজারগুলোতে ভিড় দেখা গেছে। বিভিন্ন মরশুমী ফল, ষষ্ঠীর উপকরনে সাজানো ছিল বাজারগুলো। মাছ-মাংসের দোকান, মিস্টির দোকানেও ভিড় লক্ষ্য করা গেছে।

***************

**Workshop on prevent child trafficking:**

জাতীয় শিশু সুরক্ষা অধিকার কমিশনের উদ্যোগ ও রাজ্য শিশু সুরক্ষা অধিকার কমিশনের সহায়তায় আজ সিপাহীজলা জেলাশাসক কার্যালয়ে শিশু পাচার প্রতিরোধ ও মোকাবেলা বিষয়ক এক কর্মশালা অনুষ্ঠিত হয়।

কর্মশালায় রাজ্য শিশু সুরক্ষা অধিকার কমিশনের চেয়ারপার্সন জয়ন্তী দেববর্মা বলেন, রাজ্যের বেশিরভাগ অংশই আন্তর্জাতিক সীমান্ত বেষ্টিত। সংখ্যায় কম হলেও অনেক সময় এ রাজ্যেও শিশু পাচারের অভিযোগ উঠে। সেক্ষেত্রে এধরনের কর্মশালার গুরুত্ব অপরিসীম। তিনি বলেন, আবার নিঃসন্তান দম্পতির শিশু দত্বক নেওয়ার আইনি পদ্ধতিগত জটিলতার কারনে শিশু পাচারের অভিযোগ সামনে আসে। তবে সিপাহীজলা জেলায় এখনো এধরনের শিশু পাচার সংক্রান্ত ঘটনা ঘটেনি। তিনি শিশু পাচার রোধে সকলকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন।

এই কর্মশালায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন রাজ্য শিশু সুরক্ষা অধিকার কমিশনের চেয়ারপার্সন জয়ন্তী দেববর্মা, জাতীয় শিশু সুরক্ষা কমিশনের কন্সালটেন্ট এস. সিনহা, সিপাহীজলা জেলার অতিরিক্ত জেলাশাসক সুব্রত মজুমদার, সহ পুলিশ, বি.এস.এফ ও বিভিন্ন দপ্তরের আধিকারিকরা। উল্লেখ্য, জাতীয় শিশু সুরক্ষা অধিকার কমিশন ভারতের সীমান্তবর্তী ১০০ টি জেলায় এই ধরনের কর্মশালার আয়োজন করবে ।

***************

**Khowai-Workshop:**

ত্রিপুরা গ্রামীন জীবিকা মিশনের খোয়াই জেলা মিশন ম্যানেজারের কার্যালয়ের উদ্যোগে আজ খোয়াই জেলাভিত্তিক এক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালার বিষয় ছিল জাতীয় গ্রামীন জীবিকা মিশন স্ব-সহায়ক দলগুলির সাথে ব্যাঙ্কের সংযোগ। কর্মশালায় জেলার বিভিন্ন ব্যাঙ্কের প্রতিনিধি, ব্যাঙ্ক সখীগণ ও স্ব-সহায়ক দলের প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন। খোয়াই জেলা প্রশাসন কার্যালয়ে অনুষ্ঠিত এই কর্মশালায় অতিরিক্ত জেলাশাসক অভিজিৎ চক্রবর্তী ত্রিপুরা গ্রামীন জীবিকা মিশনের অধীনে স্ব-সহায়ক দলগুলিকে আত্মনির্ভর করে তোলার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি জানান, চলতি অর্থবছরে জেলায় ১,৫৮০টি স্ব-সহায়ক দলকে ব্যাঙ্ক থেকে ঋণ দেওয়ার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। কর্মশালায় জাতীয় গ্রামীন জীবিকা মিশনের রিসোর্সপার্সন অর্থনৈতিক প্রক্রিয়ায় স্ব-সহায়ক দলগুলির অংশগ্রহণ ও তাদের ভুমিকা নিয়ে আলোচনা করেন।

***************

**World Day against Child Labour:**

বিশ্ব শিশুশ্রম বিরোধী দিবস উপলক্ষে আজ ঊনকোটি জেলার ফটিকরায় পঞ্চায়েত কার্যালয় প্রাঙ্গণে এক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়।

এখানে বক্তারা দিবসটির গুরুত্ব ও তাৎপর্য নিয়ে আলোকপাত করেন। উপস্থিত ছিলেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, মহকুমা প্রশাসনের উপ-সমাহর্তা গোবিন্দ সরকার, শ্রম পরিদর্শক তন্ময় বড়ুয়া। সভাপতিত্ব করেন, ফটিকরায় পঞ্চায়েতের প্রধান রাজীব দাস। অনুষ্ঠানের আয়োজনে ছিল, জেলা শিশু সুরক্ষা ইউনিট।

উল্লেখ্য যে, এবছর দিবসটির ভাবনা হচ্ছে, " আসুন, আমাদের প্রতিশ্রুতি অনুযায়ী কাজ করি, শিশুশ্রম বন্ধ করুন।"

***************

**Legal Awareness programme:**

বিশ্ব শিশুশ্রম বিরোধী দিবস উপলক্ষে দক্ষিণ জেলা আইনী সেবা কতৃপক্ষের উদ্যোগে আজ দক্ষিন জেলায় বকাফা ব্লকের বকাফা এডিসি ভিলেজে এক আইনী সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে আইনজীবী তাপস ঘোষ শিশুদের বিনামূল্যে এবং বাধ্যতামূলক  শিক্ষার অধিকার আইন ২০০৯, খাদ্য নিরাপত্তা আইনে নাগরিকদের  অধিকার ও  শিশু শ্রম নিষেধাজ্ঞা ও নিয়ন্ত্রণ আইন- ১৯৮৬ সম্পর্কে জনগনকে সচেতন করেন। তিনি  "হামারা সংবিধান হামারা সম্মান"-'পঞ্চপ্রণ অঙ্গীকার' - এই আহ্বানে দেশব্যাপী প্রচার অভিযান সম্পর্কেও জনগনকে সচেতন করে ওয়েবসাইট বা লিংকের মাধ্যমেই শংসাপত্র পাওয়ার সুবিধা গ্রহনে উৎসাহিত করেন।

***************

**Parliament Session:**

অষ্টাদশ লোকসভার প্রথম অধিবেশন বসবে এ মাসের ২৪ তারিখে। এই অধিবেশনে নবনির্বাচিত সদস্যদের শপথ গ্রহণ এবং লোকসভার অধ্যক্ষ নির্বাচন করা হবে। লোকসভা এবং রাজ্যসভার যৌথ অধিবেশনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ভাষণ দেবেন এবং এই অধিবেশনে রাষ্ট্রপতির ভাষণের ওপর আলোচনা হবে।

এদিকে, চলতি মাসের ২৭ তারিখ রাজ্যসভার অধিবেশন শুরু হবে। আগামী মাসের ৩ তারিখে সংসদের অধিবেশন শেষ হবে। সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু সামাজিক মাধ্যমে  একথা জানান। তিনি বলেন, ১৪০ কোটি ভারতবাসীর আশা আকাঙ্খা পুরনের লক্ষ্যে আলোচনা ও বিতর্কের উপযুক্ত মঞ্চ সংসদ।

***************

**Oath Takling:**

অন্ধ্রপ্রদেশের মুখ্যমন্ত্রী হিসেবে চন্দ্রবাবু নাইডু আজ শপথ গ্রহণ করেছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এন চন্দ্রবাবু নাইডুকে অভিনন্দন জানিয়েছেন। প্রধানমন্ত্রী মন্ত্রীসভার অনন্যা সদস্যদের অভিনন্দন জানিয়ে বলেন, টিডিপি, জনসেনা এবং বিজেপি’র সরকার অন্ধ্রপ্রদেশকে গৌরবের নতুন উচ্চতায় নিয়ে যেতে এবং রাজ্যের যুবকদের আশা-আকাঙ্খা পূরণ করতে সম্পূর্ণভাবে প্রতিশ্রুতিবদ্ধ।

এদিকে, ওড়িশার মুখ্যমন্ত্রী হিসেবে আজ মোহন চরণ মাঝি আজ শপথ গ্রহণ করেছেন।  উপমুখ্যমন্ত্রী হিসেবে কনক বর্ধন সিং দেও এবং প্রভাতি পরিদা শপথ গ্রহণ করেন। ভুবনেশ্বরে জনতা ময়দানে আয়োজিত অনুষ্ঠানে রাজ্যপাল রঘুবর দাস মুখ্যমন্ত্রী, উপমুখ্যমন্ত্রী সহ মন্ত্রিসভার অন্যান্য সদস্যদের মন্ত্রগুপ্তি ও শপথ বাক্য করান। উল্লেখ্য, টানা ২৪ বছর নবীন পটনায়ক নেতৃত্বাধীন বিজু জনতা দলের শাসনের অবসান ঘটিয়ে এই প্রথম ওড়িশায় বিজেপি ক্ষমতায় এলো।

শপথ গ্রহণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, স্বরাস্ট্র মন্ত্রী অমিত শাহ, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং সহ কেন্দ্রীয় মন্ত্রীসভার অন্যান্য সদস্যরা

উপস্থিত ছিলেন। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহাও শপথ গ্রহণ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

***************

**Amarnath Yatra:**

আগামী ২৯ জুন থেকে অমরনাথ যাত্রা শুরু হবে । চলবে আগামী ১৯ শে আগস্ট পর্যন্ত। শ্রী অমরনাথ শ্রাইন বোর্ডের পক্ষ থেকে জানানো হয়েছে, অমরনাথ দর্শনের জন্য যাত্রাপথে যাতে কোনও অপ্রীতিকর ঘটনা না ঘটে, সে কারণে কড়া নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

***************

**Accident:**

ধলাই জেলার মনু থানাধীন এস কে পাড়ায় আজ দুপুরে এক পথ দুর্ঘটনায় কুশন্তি ত্রিপুরা নামে এক মহিলার মৃত্যু হয় । পুলিশ সূত্রে জানা যায় একটি দ্রুতগামী ট্রাক ওই মহিলাকে ধাক্কা দিয়ে পালিয়ে যায়। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

***************

**Awareness on 03 new law:**

নতুন তিন আইন নিয়ে গ্রাম ও ব্লক স্তরে সচেতনতা শিবিরের আয়োজন করছে রাজ্য আইনসেবা কর্তৃপক্ষ। রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী আজ জানান, ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা এবং ভারতীয় সাক্ষ্য অধিনিয়মের ওপর সচেতনতা সভা ইতিমধ্যেই গন্ডাতুইসা, অমরপুর এবং কুমারঘাটে সম্পন্ন হয়েছে। আগামী ২০ জুনের মধ্যে রাজ্যের সবকটি মহকুমায় সচেতনতা শিবির আয়োজন করার পরিকল্পনা নেওয়া হয়েছে।

***************

**BJP Rally at Debdaru:**

লোকসভা নির্বাচনে এনডিএ জোট জয়ী হওয়ায় আজ জোলাইবাড়ির দেবদারুতে বিজেপি’র উদ্যোগে এক বিজয় মিছিল অনুষ্ঠিত হয়। মিছিলে উপস্থিত ছিলেন সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া সহ স্হানীয় বিজেপি নেতৃবৃন্দ।

***************

**NCB:**

আজ মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ব্যুরো, NCB এ উপলক্ষে সারা দেশে আজ থেকে আগামী ২৬ জুন পর্যন্ত ''নেশা মুক্ত ভারত, পক্ষ'' পালন করছে। এর উদ্দেশ্য হল মাদকের কুফল সম্পর্কে জনগণের মধ্যে সচেতনতা তৈরি করা।

***************

**Drug Seize:**

মেলাঘর বাজার সংলগ্ন চর এলাকায় গতকাল ব্রাউন সুগার সহ আলিয়া বেগম নামে এক মহিলাকে গ্রেফতার করা হয়। তার কাছ থেকে ৬ দশমিক দুই গ্রাম ব্রাউন সুগার আটক করা হয়েছে বলে পুলিশ সদরদপ্তর সূত্রে জানা যায়।

***************

**PM, G7:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামী ১৪ই জুন অনুষ্ঠিতব্য G7 শীর্ষ সম্মেলনে অংশ নিতে আগামীকাল ইতালির আপুলিয়া সফরে যাবেন। আজ বিকেলে নতুনদিল্লিতে পররাষ্ট্র সচিব বিনয় কোয়াত্রা সাংবাদিকদের জানান, তিনি বলেন, তৃতীয় মেয়াদে দায়িত্ব নেওয়ার পর এটিই হবে প্রধানমন্ত্রীর প্রথম বিদেশ সফর। তিনি বলেন যে এই সফরটি G7 শীর্ষ সম্মেলনে উপস্থিত অন্যান্য বিশ্ব নেতৃবৃন্দের সাথে ভারতের এবং বৈশ্বিক দক্ষিণের জন্য গুরুত্বপূর্ণ বিষয়গুলিতে জড়িত হওয়ার একটি সুযোগ হয়ে উঠবে।

এটি হবে G7 শীর্ষ সম্মেলনে ভারতের একাদশতম অংশগ্রহণ এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির একটানা পঞ্চমবার অংশগ্রহণ।

শীর্ষ সম্মেলনের অবসরে প্রধানমন্ত্রী G7 নেতাদের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন বলে আশা করা হচ্ছে।

***************

**Agriculture Minister:**

কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ তাঁর মন্ত্রকের বরিষ্ঠ আধিকারিকদের সঙ্গে ১০০ দিনের কৃষি কর্ম পরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করেন। শ্রী চৌহান প্রধানমন্ত্রীর সংকল্প অনুসারে দ্রুত কাজ করার লক্ষ্যে আধিকারিকদের কৃষক-ভিত্তিক কাজের দিকে মনোনিবেশ করার পরামর্শ দেন। দেশের কৃষি ক্ষেত্রকে শক্তিশালী করতে জোরালো পদক্ষেপ নেওয়ার নির্দেশ দেন কৃষিমন্ত্রী। তিনি কৃষকদের মানসম্পন্ন সার, বীজ এবং অন্যান্য উপকরণের প্রাপ্যতা অগ্রাধিকার ভিত্তিতে নিশ্চিত করতে বলেন।

***************

**Chief of Army Staff:**

কেন্দ্রীয় সরকার আজ নতুন সেনাপ্রধানের নাম ঘোষণা করেছে। ভারতের পরবর্তী সেনাপ্রধান হচ্ছেন লেফটেন্যান্ট জেনারেল উপেন্দ্র দ্বিবেদী। তিনি বর্তমান সেনাপ্রধান জেনারেল মনোজ পান্ডের স্থলাভিষিক্ত হবেন।

আগামী ৩০ জুন ভারতের নতুন সেনাপ্রধান পদে দায়িত্ব গ্রহণ করবেন লেফটেন্যান্ট জেনারেল উপেন্দ্র দ্বিবেদী। ওইদিনই জেনারেল মনোজ পান্ডের কার্যকালের মেয়াদ শেষ হচ্ছে। উল্লেখ্য, গত ১৫ ফেব্রুয়ারি লেফটেন্যান্ট জেনারেল উপেন্দ্র দ্বিবেদী সহকারী সেনাপ্রধান পদের দায়িত্ব গ্রহণ করেছিলেন।

***************

**Sports Minister:**

ত্রিপুরায় ৪৩তম জাতীয় যোগাসন প্রতিযোগিতার আয়োজন নিয়ে বিস্তারিত জানাতে আজ ক্রীড়ামন্ত্রী টিংকু রায়ের সঙ্গে দেখা করেন রাজ্য যোগা সংস্থার কর্তারা। আগামী বছরের ৪-৬ জানুয়ারি এই জাতীয় আসর হবে। সচিবালয়ে আসরের আয়োজনের প্রাথমিক প্রস্তুতি সম্পর্কে ক্রীড়ামন্ত্রীকে অবহিত করেন যোগা সংস্থার কর্মকর্তারা। ক্রীড়ামন্ত্রী এবিষয়ে সহযোগিতার আশ্বাস দেন।

***************

**Weather:**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ পঁয়ত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন সাতাশ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল পঁয়ত্রিশ দশমিক পাঁচ ডিগ্রী এবং সর্বনিম্ন আঠাশ দশমিক তিন ডিগ্রী সেলসিয়াস। আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

***************

***************